চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২
রাউজান, চট্টগ্রাম।
web: www.pbs2.chittagong.gov.bd
e-mail: ctgpbs2@yahoo.com
Phone : 03026-56077

ISO 9001:2015 (Certified)

স্মারক নং- ২৭.১২.১৫৭৪.৫২৯.০২.০০৮.২৪. ২৭৫৫

তারিখঃ ৩১ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
১৫ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

# দৈনিক মজুরি ভিত্তিতে নিরাপত্তা প্রহরী (কাজ নাই মজুরি নাই) নিয়োগের লক্ষ্যে বিজ্ঞপ্তি

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর দাতমারা সাব জোনাল অফিসের আওতাধীন হেয়াকো ইনডোর উপকেন্দ্র নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্যে রাত্রিকালীন প্রহরার জন্য দৈনিক মজুরি ভিত্তিতে **"নিরাপত্তা প্রহরী" (কাজ নাই মজুরি নাই)** পদে নিয়োগের প্যানেল তৈরির জন্য যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের মধ্য হতে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দা পুরুষ নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিম্নোক্ত ছকে পদ সংক্রান্ত বিস্তারিত তথ্য উল্লেখ করা হলোঃ

| ক্রঃ নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বয়স সীমা | মজুরি | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে এলাকার প্রার্থীরা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|---|
| ০১ | দৈনিক মজুরি ভিত্তিতে **"নিরাপত্তা প্রহরী"** (পুরুষদের জন্য সংরক্ষিত) | ০১ (এক)টি (সংখ্যা কম/বেশি হতে পারে)। | ০১-০৮-২০২৪খ্রি. তারিখে বয়স সীমা ন্যূনতম ১৮ (আঠারো) বছর এবং অনুর্দ্ধ৬৫ (পঁয়ষট্টি) বছর শারিরীকভাবে সক্ষম। তবে ৬৫ (পঁয়ষট্টি) বছর পূর্ণ হলে চাকুরীর যোগ্যতা হারাবেন। | পবিস সমূহে নিরাপত্তা কর্মীর কাজের অনুমতি সংক্রান্ত নীতিমালা অনুযায়ী দৈনিক মজুরী ৪০০ (চারশত) টাকা এবং আর্থিক প্রণোদনা ৫০(পঞ্চাশ) টাকা সহ সর্বমোট ৪৫০ (চারশত পঞ্চাশ) টাকা | ক) শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণি/ সমমানের পাশ থাকতে হবে।<br>খ) প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বছর হতে হবে।<br>গ) প্রার্থীকে বাংলা ও ইংরেজি ভাষায় লেখা ও পড়ার ন্যূনতম দক্ষতা থাকতে হবে।<br>ঘ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>ঙ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্বসম্পন্ন এবং শারীরিকভাবে সক্ষম হতে হবে। উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | চট্টগ্রাম জেলার আওতায় চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী (চট্টগ্রাম জেলার রাউজান উপজেলা, রাঙ্গুনিয়া উপজেলা, ফটিকছড়ি উপজেলা ও হাটহাজারী উপজেলার মাদার্শা ইউনিয়ন এর দক্ষিণ বাড়িয়া ঘোনা, পশ্চিম বাড়িয়া ঘোনা ও খলিফা ঘোনা) শুধুমাত্র পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

**অন্যান্য শর্তাবলীঃ**

০১। নির্ধারিত আবেদন ফর্ম (ভার্সন-০১) চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েবসাইট (pbs2.chittagong.gov.bd) হতে A-4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ০১-০৮-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেনারেল ম্যানেজার, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাউজান, চট্টগ্রাম এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা সরাসরি আবেদনপত্র পৌঁছাতে হবে। সাদা কাগজে হাতে লিখিত / টাইপকৃত এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত নির্ধারিত আবেদন ফর্ম (ভার্সন-০১) ব্যতীত সাদা কাগজে, টাইপকৃত, অসম্পূর্ণ বা ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। ২০-০২-২০২৪ খ্রিঃ তারিখের পর প্রাপ্ত আবেদন গ্রহনযোগ্য হবে না। খামের উপর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে এবং নিম্নোক্ত কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবেঃ

ক) ওয়েবসাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পুরণ করে দাখিল করতে হবে।

খ) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি।

গ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র।

ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর এর নিকট হতে প্রদত্ত হালনাগাদ চারিত্রিক ও নাগরিকত্ব সনদ।

ঙ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি। দাখিলকৃত সকল কাগজপত্রের অনুলিপি ও ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সীল থাকতে হবে।

চ) ডাউনলোডকৃত নির্ধারিত আবেদন ফর্ম, ফর্ম-এ উল্লেখিত যথাযথ নির্দেশনা অনুযায়ী পুরণ করে প্রেরণ করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০২। নির্বাচিত প্রার্থীকে দৈনিক ভিত্তিতে পবিস কর্তৃপক্ষ কর্তৃক নিরাপত্তা প্রহরী হিসেবে কাজের অনুমতি প্রদান করা হবে এবং দৈনিক মজুরী ৪০০ (চারশত) টাকা এবং আর্থিক প্রণোদনা ৫০(পঞ্চাশ) টাকা সহ সর্বমোট ৪৫০ (চারশত পঞ্চাশ) টাকা; যা মাসিক ভিত্তিতে প্রদান করা হবে। তবে ভবিষ্যতে বাজার মূল্য বিবেচনায় বাপবিবোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মজুরী হ্রাস/বৃদ্ধি হতে পারে। নিরাপত্তা কাজের অনুমতিপ্রাপ্ত প্রহরী দৈনিক রাত্রিকালীন ০৮ ঘন্টা সময়কালের জন্য দায়িত্ব পালনে নিয়োজিত থাকবেন।

০৩। যেদিন কর্মে নিয়োজিত থাকবে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে শুধুমাত্র সেইদিনের জন্য ৪৫০ (চারশত পঞ্চাশ) টাকা মজুরী পাবেন; এক্ষেত্রে কোন ভাতা, বোনাস পাবেন না।

০৪। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তরিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যেকোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতি প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

০৫। এ ধরেনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না বা প্রার্থীর এ বিষয়ে কোন দাবীও গ্রহণযোগ্য হবে না। কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যতদিন প্রয়োজন ততদিন **"দৈনিক মজুরি"** ভিত্তিতে কাজ করার অনুমতি বলবৎ থাকবে।

০৬। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৭। নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পূরণকৃত ফর্মের প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

০৮। প্রার্থীকে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ইনডোর উপকেন্দ্র/ সুইচিং স্টেশনে রাত্রিকালীন ৮ ঘন্টা নিরাপত্তার কাজে দায়িত্ব পালন করতে হবে।

০৯। প্রার্থীর কাজের অনুমতি প্রদানের সময় কোন রেজিস্টার্ড চিকিৎসক/ পবিসের রিটেইনার চিকিৎসক দ্বারা শারীরিক সুস্থ্যতার সনদপত্র দাখিল করতে হবে।

১০। কাজের অনুমতি প্রদানের সময় নিরাপত্তা কর্মী কর্তৃক নিরাপত্তা জামানত হিসেবে ১০,০০০ (দশ হাজার) টাকা সমিতির অনুকূলে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক সেবা প্রদান শেষে সমিতি কর্তৃক ফেরত প্রদান করা হবে।

১১। অনুমতি প্রাপ্ত প্রত্যেক নিরাপত্তা কর্মীকে পবিস কর্তৃক ইউনিফর্ম (শার্ট, প্যান্ট, জুতা, টুপি) ও অন্যান্য সরঞ্জাম (বাঁশি, টর্চ, লাঠি, ছাতা) সরবরাহ করা হবে।

১২। অবাধ্যতা, অননুমোদিত ভাবে কর্মস্থলে অনুপস্থিতি, অযোগ্যতা, অসদাচরণ বা দূর্নীতির দায়ে দোষী হলে তাৎক্ষনিকভাবে তার কাজের অনুমতিপত্র বাতিল করা হতে পারে।

১৩। পুলিশ প্রশাসন কর্তৃক প্রার্থীর প্রাক-পরিচয় যাচাই করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে/কোন প্রকার তথ্য গোপনের প্রমাণ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তার কাজের অনুমতিপত্র বাতিল করা হবে।

১৪। যে কোন কারন দর্শানো ব্যতিরেকে অনুমতিপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে এবং শর্তাবলীতে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তইচূড়ান্ত বলে গন্য হবে।

১৫। প্রার্থী বাছাই/নির্বাচনীপরীক্ষায় অংশগ্রহনের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএপ্রদানকরাহবেনা। প্রার্থী বাছাই/নির্বাচনী পরীক্ষার সময় প্রার্থীগণকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৬। অনুমতিপ্রাপ্ত নিরাপত্তা কর্মীর নিজ নামে ব্যাংকে একটি হিসাব নম্বর থাকতে হবে এবং তাতে মাসিক ভিত্তিতে মোট মজুরি প্রদান করা হবে।

১৭। প্রার্থী বাছাই/নির্বাচন/অনুমতিপত্র প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

15/07/2024
(মোহাম্মদ সরওয়ার জাহান)
জেনারেল ম্যানেজার

<u>অনুলিপিঃ জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)</u>

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিনাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর ওয়েসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৪। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
০৫। পুলিশ সুপার, চট্টগ্রাম।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার--------------- পবিস-১/২/৩/৪।
০৭। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা) এর দপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৮। ডিজিএম, রাংগুনিয়া/নোয়াপাড়া/ফটিকছড়ি/আজাদীবাজার জোনাল অফিস/সদর দপ্তর-কারিগরী, চট্টগ্রাম পবিস-২।
০৯। এজিএম, ধামাইরহাট/দাঁতমারা/নাজিরহাট সাব-জোনাল অফিস, চট্টগ্রাম পবিস-২।
১০। এজিএম, অর্থ (হিসাব/রাজস্ব),চট্টগ্রাম পবিস-২।
১১। এজিএম, আইটি-২, চট্টগ্রাম পবিস-২ (পবিসের ওয়েসাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
১২। নোটিশ বোর্ড, চট্টগ্রাম পবিস-২।
১৩। অফিস নথি।

15/07/2024
(মোহাম্মদ সরওয়ার জাহান)
জেনারেল ম্যানেজার

ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখঃ.২৭/০৪/২০১৪খ্রিঃ

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ''নিরাপত্তা প্রহরী(কাজ নাই মজুরী নাই)'' পদে প্যানেলভূক্তি / নিয়োগলাভের জন্য
আবেদন ফরম (সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পুরণ করতে হবে)

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/ আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২
রাউজান, চট্টগ্রাম।

দৈনিক মজুরী ভিত্তিতে
"নিরাপত্তা প্রহরী(কাজ নাই মজুরী নাই)''

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-০১-২০২০/৬১৯

২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. পদের ধরণঃ অস্থায়ী

............................................
৪.বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

৫.প্রকাশনার তারিখঃ ১৫/০৭/২০২৪ খ্রিঃ

............................................ ............................................
৬.আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

............................................
৭. জন্ম তারিখ(......পরীক্ষার সনদ/ নিবন্ধন অনুযায়ী)

......../........../...........(দিন/মাস/বছর)

............................................
৮. মাতার নাম

৯. বয়স (০১-০৮-২০২৪ খ্রিঃ তারিখে)

............................................
১০. পিতার নাম

............................................
১১. ধর্ম

............................................
১২.জাতীয়তা

............................................
১৩. নিজ জেলা

............................................
১৪.টেলিফোন/মুঠোফোন নম্বর

১৫.বৈবাহিক অবস্থা
(টিক (✓) দিন)

| | বিবাহিত | | অবিবাহিত |
|---|---|---|---|

১৬.কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (✓ দিন):

| | মহিলা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম ও শারীরিক প্রতিবন্ধি |
|---|---|---|---|---|---|---|---|
| | উপজাতি | | আনসার ও গ্রাম প্রতিরক্ষা | | অন্যান্য | | |

১৭. স্থায়ী ঠিকানাঃ

| ............................ | ............................ | ............................ | ............................ |
|---|---|---|---|
| ক.গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ.উপজেলা/থানা | গ. জেলা |

১৮.যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র /নিয়োগপত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| ............................ | ............................ | ............................ | ............................ |
|---|---|---|---|
| ক.গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ.উপজেলা/থানা | গ. জেলা |

| ............................ | ............................ | ............................ | .................... |
|---|---|---|---|
| ১৯.ব্যাংক ড্রাফট/ পেঅর্ডার নম্বর | ২০.ব্যাংকের নাম | ২১. ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর মূল্য | ২২. ইস্যুর তারিখ |

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ রাউজান, চট্টগ্রাম

\\co-hr\Admin.1. (Nikos)\UNIFIED\H R Dep\02-008\Advertisment\New Ledger Form No 110-002 -2020.doc

২৩. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/ শ্রেণী / গ্রেড | |
| ৮ম শ্রেণী/সমমান | | | | |
| এসএসসি/সমমান | | | | |

২৪. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে):

২৫. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর /পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |

২৬. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্নীয় ব্যতীত):

| নাম, পদবী/পেশা,ঠিকানা, টেলিফোন/মুঠোফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

২৭.পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে):

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কিনা (হাঁ/না) জবাব হাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে। | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘু দন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/ পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় স্বাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ২(দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িতপূর্বক সরবরাহ করতে এবং মূল সনদসমূহ প্রদর্শণ করতে বাধ্য থাকবো।

...............................
তারিখ

...............................
আবেদনকারীর স্বাক্ষর

বিঃ দ্রঃ-সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২
রাউজান, চট্টগ্রাম।

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা / আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

লিখিত(এমসিকিউ)/লিখিত(রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

## প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বরঃ..........................................................

পরীক্ষার তারিখঃ ..........................................................

পরীক্ষার সময়ঃ..........................................................

পরীক্ষা কেন্দ্রের নামঃ..........................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানাঃ..........................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষরঃ..............................

(প্রার্থী /আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নামঃ..........................................................

প্রার্থীর নামঃ ..........................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক..........................................

..........................................................

..........................................................

..........................................................

..........................................................

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ রাউজান, চট্টগ্রাম

## প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলীঃ

০১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫(পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/ কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র.লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৫। চাকুরীর আবেদনপত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা,উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লিখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।